গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০২৪-২০২৫/২০২৫/২২৯ তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি:

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২৪২ তারিখ: ০৬/০৮/২০২৫)
কোটার মেধা তালিকায় ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর পিন্ট/পিডিএফ কপি সংগ্রহণের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।<br>ক) বিষয় পরিবর্তনের ভর্তি ফরম সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ১২/০৮/২০২৫ থেকে ১৯/০৮/২০২৫ |
| (খ) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Application Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। তবে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ইতোপূর্বে কোথায়ও ভর্তি থাকলে তাকে অবশ্যই ১৪ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে। | ১২/০৮/২০২৫ থেকে ১৯/০৮/২০২৫ |
| (গ) | কোটায় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd প্রবেশ করে Online Admission Option প্রবেশ করে ভর্তি ফরমের রোল, বিভাগ, ক্যাপচার ও শিক্ষার্থীর সঠিক মোবাইল নম্বও সাবমিট করতে হবে। প্রদত্ত মোবাইল নম্বরে একটি OTP আসবে। OTP দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেখার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ঠিক করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম A4 সাইজ অফসেট পেপাওে প্রিন্ট করে নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করে নিজ নিজ বিভাগে নিদিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়: | ১৩/০৮/২০২৫ থেকে ২১/০৮/২০২৫ |
| (ঘ) | সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত এবং চূড়ান্ত মনোনিত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>ভর্তি কমিটির আহ্বায়ক যথাসময়ে OTP প্রদান করবেন। | ১৩/০৮/২০২৫ থেকে ২৩/০৮/২০২৫ |

**ভর্তি ফি এর পরিমাণ:**

| বিভাগের নাম/বিভাগ সহকারীর মোবাইল নম্বর | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| বাংলা (০১৭১৮৬৭৫৫৩২), ইংরেজি (০১৭১৯৭৪৯৯৮৪), অর্থনীতি (০১৭৭৩৭২৩৫৭১), দর্শন (০১৭৩৩৫২৬৭৯৫), ইতিহাস (০১৭২১০১২১১৬), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (০১৭২১০০৯৪১৭), সমাজবিজ্ঞান (০১৭১০০৪৬৮৭৮), রাষ্ট্রবিজ্ঞান (০১৭৩৭৯১০৪২৮), হিসাববিজ্ঞান (০১৭১৬৫১০৪৭১) ও ব্যবস্থাপনা (০১৭২৩৩০৮৬২৮) | ৩৮২০/- | সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| পদার্থবিদ্যা (০১৩০৭৫০১৬০৫) | ৪২৯৫/- | |
| রসায়ন (০১৭৩১২৭৩৯২৩) | ৪৩৪৫/- | |
| গণিত (০১৭১৮৯৭০২৬২) | ৪৩৫৫/- | |
| উদ্ভিদবিদ্যা (০১৭৫১০৭৬৭৮২) | ৪২৪৫/- | |
| প্রাণিবিদ্যা (০১৭৪৪৫৭০৪০৩) | ৪১৮৫/- | |

**বিশেষ জরুরি দ্রষ্টব্য:** কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের সচল মোবাইল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১১/০৮/২৫

**১। ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:**

(ক) ভর্তির জন্য উত্তোলিত চূড়ান্ত ভর্তি ফরম ও ভর্তি ফি জমাদানের অনলাইনের প্রিন্ট কপি।

(খ) ভর্তির প্রাথমিক আবেদনের মূল ফরম।

(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্র ও ০১ (এক) সেট ফটোকপি খামে জমা দিতে হবে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময় যে ছবি ব্যবহার করা হয়েছে সে ছবির ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

(ঙ) খামের উপরে শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস ও ব্লাড গ্রুপ লিখতে হবে।

(চ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(ছ) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটার স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

(জ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন/NID এর ফটোকপি।

(ঝ) অভিভাবকের NID এর ফটোকপি।

(ঞ) শিক্ষা বোর্ড বৃত্তিপ্রাপ্তদের বৃত্তি গেজেটের কপি, ব্যাংক স্টেটমেন্ট ও বৃত্তি ফরম অবশ্যই জমা দিতে হবে।

**২। ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলি:**

(ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৪/০৮/২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি বাতিল করতে হবে।

**বি:দ্র: নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।**

**প্রয়োজনে: জনাব গৌতম কুমার, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান (মোবাইল নম্বর: ০১৭১৬২৮৮০৮৪), জনাব মো. জাহিদুল হাসান, সহকারী অধ্যাপক, গণিত (মোবাইল নম্বর: ০১৭১৪৪১৭৪১৭) ও জনাব মো. কেরামত আলী, প্রভাষক, অর্থনীতি (মোবাইল নম্বর: ০১৭২৩০২২০০৮)।**

প্রতিস্বাক্ষর

১১/০৮/২৫

(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

11.08.2025

(মো. শাহাদাৎ হোসেন)

আহবায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৪-২০২৫

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ

২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ

৩. অফিস কপি